# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 25.08.2024 Time: 7.50PM**

বিশেষ বিশেষ খবর –

১/ RG KAR মেডিক্যাল কলেজ হাসপাতালে আর্থিক দুর্নীতির তদন্তে আজ সকাল থেকে ১৫’টি জায়গায় তল্লাশী চালায় সিবিআই।

# প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ, প্রাক্তন সুপার সঞ্জয় বশিষ্ট, মেডিক্যাল সাপ্লায়ার বিপ্লব সিং–এর বাড়িতে এখনো চলছে তল্লাশি ও জিজ্ঞাসাবাদ।

# নিজাম প্যালেসে তদন্তকারীদের মুখোমুখি হয়েছেন, RG KAR-এর ফরেন্সিক বিভাগের কর্তা দেবাশিস সোম ও তাঁর স্ত্রী ।

২/ চিকিৎসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত একমাত্র অভিযুক্ত সঞ্জয় রায়ের আজ পলিগ্রাফ টেস্ট করা হয়েছে।

৩/ প্রধানমন্ত্রী বলেছেন, মহিলাদের বিরুদ্ধে হিংসায় দোষীরা রেহাই পাবে না।

৪/ পরিবারের কেউ রাজনীতির সঙ্গে যুক্ত নন, এমন যুবক যুবতীদের রাজনৈতিক ব্যবস্থায় সামিল হওয়ার জন্য আবেদনে বিপুল সাড়া মিলেছে বলে ‘মন কি বাত’-এ জানিয়েছেন প্রধানমন্ত্রী।

৫/ নিম্নচাপ ও মৌসুমী অক্ষরেখার প্রভাবে আগামীকাল’ও দক্ষিণবঙ্গের বেশীরভাগ জায়গায় বৃষ্টির সম্ভাবনা।

*****************************************************************

RG KAR মেডিক্যাল কলেজ হাসপাতালে আর্থিক দুর্নীতির তদন্তে আজ সকাল থেকে ১৫'টি জায়গায় তল্লাশী চালায় সিবিআই। সকাল সাতটার আগেই তদন্তকারী সংস্থার একটি দল বেলেঘাটায় আর জি করের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বাড়িতে পৌঁছে যায়। সঙ্গে ছিল কেন্দ্রীয় বাহিনী। বাড়ির বাইরে ঘন্টা খানেক অপেক্ষা করার পর সন্দীপ নিজেই দরজা খুলে দেন। দুপুরে সেখানে যান আরও কয়েকজন তদন্তকারী। এর আগে সিজিও কমপ্লেক্সে গতকাল পর্যন্ত টানা ন' দিন প্রায় একশো ঘন্টা জেরা করা হয় তাঁকে। আদালতের অনুমতি মেলায় সন্দীপের পলিগ্রাফ টেস্ট করা হবে। আর জি করের ফরেনসিক বিভাগের কর্তা দেবাশিস সোমের কেষ্টপুরের বাড়ি, প্রাক্তন সুপার সঞ্জয় বশিষ্ঠের এন্টালির ফ্ল্যাট, হাওড়ার হাটগাছায় মেডিক্যাল সাপ্লায়ার বিপ্লব সিং-এর বাড়িতেও চলে তল্লাশি। সেখান থেকে কিছুটা দূরে আরো দুটি ব্যবসায়িক প্রতিষ্ঠানের অফিসেও হানা দেন তদন্তকারীরা। সাত ঘন্টা তল্লাশি এবং জিজ্ঞাসাবাদের পর প্রাক্তন এমএসভিপিকে নিয়ে ট্যাংরায় তাঁর আর একটি ফ্ল্যাটে যায়  তদন্তকারী দল। অন্যদিকে, প্রায় ৯'ঘন্টা তল্লাশি ও জিজ্ঞাসাবাদের পর দেবাশিস সোম ও তাঁর স্ত্রীকে নিজাম প্যালেসে তলব করা হয়। চলছে জেরা পর্ব।

CBI-এর আরেকটি দল আর জি কর হাসপাতালের প্লাটিনাম জুবিলী বিল্ডিং-এর অফিসে নতুন প্রিন্সিপ্যাল মানস বন্দ্যোপাধ্যায় ও নতুন সুপার তথা ভাইস প্রিন্সিপ্যাল সপ্তর্ষি চট্টোপাধ্যায়কে জিজ্ঞাসাবাদ করে। একাধিক ঘরে তল্লাশি চালানো হয়। সন্ধ্যে নাগাদ বেরিয়ে যায় CBI-এর দল। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে এক আধিকারিক জানান, অনেক কিছুই পাওয়া গেছে।

সন্দীপ ঘনিষ্ঠ চন্দন লৌহের টালার বাড়িতেও যান তদন্তকারীরা। তাঁর স্ত্রীর একটি কফি শপ আছে আর জি করে। এর অনুমতি নিয়ম মেনে দেওয়া হয়নি বলে অভিযোগ। সন্দীপ ঘোষ, সঞ্জয় বশিষ্ঠ ও বিপ্লব সিং-কে এখন'ও জিজ্ঞাসাবাদ চলছে।

*********************

RG KAR মেডিক্যাল কলেজ হাসপাতালের চিকিতসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত একমাত্র অভিযুক্ত সঞ্জয় রায়ের আজ পলিগ্রাফ টেস্ট করা হয়েছে। বেলা সাড়ে ১১'তা নাগাদ CBI-এর দল প্রেসিডেন্সি সংশোধনাগারে যায়। বেরিয়ে আসে প্রায় চার ঘন্টা পর। এর আগে দিল্লির ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটারির মনস্তত্ত্ব ও আচরণ বিশেষজ্ঞের সামনে সঞ্জয়কে জেরা করেন তদন্তকারীরা। ঘটনার রাতে নির্যাতিতার সঙ্গে থাকা চার চিকিৎসক এবং তৎকালীন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ও সঞ্জয়ের ঘনিষ্ঠ এক সিভিক ভলেন্টিয়ারের পলিগ্রাফ টেস্টের অনুমতিও দিয়েছে আদালত।

এদিকে, আজ সল্টলেকের CGO কমপ্লেক্সে RG KAR-এর প্রাক্তন সুপার বুলবুল মুখোপাধ্যায়, কলকাতা পুলিশের হোমিসাইড শাখা ও বিশেষ তদন্তকারী দলের সদস্য এবং RG KAR আউটপোস্টের ওসি-কে জিজ্ঞাসাবাদ করা হয়।

অন্যদিকে, ফরেন্সিক বিভাগের হেড ক্লার্ক তারক চট্টোপাধ্যায় জানিয়েছেন, টাকা নিয়ে মর্গ থেকে দেহ ছাড়া হতো। দেহ দেখতে গেলেও টাকা দাবী করা হতো।

********************

RG KAR কান্ডের প্রতিবাদে এবং নির্যাতিতার জন্য ন্যায় বিচারের দাবীতে আজ'ও কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জায়গায় পথে নেমেছেন ছাত্র-ছাত্রী, শিক্ষক, অভিনেতা, নৃত্যশিল্পী থেকে রূপান্তরকামী- সমাজের সর্বস্তরের মানুষ।

যোধপুর পার্ক গার্লস হাইস্কুলের প্রাক্তনীরা মিছিল করেন যাদবপুর এইটি-বি বাসস্ট্যান্ড পর্যন্ত। পার্ক সার্কাস রামলীলা ময়দান থেকে মিছিল করেন নাগরিক সমাজের বহু মানুষ। টালিগঞ্জ পাড়ার অভিনেতা, অভিনেত্রী, কলাকুশলীরাও প্রতিবাদে সামিল হন।

হাওড়ার ৬টি স্কুলের প্রাক্তন ছাত্র-ছাত্রীদের প্রতিবাদ মিছিল হাওড়া ময়দান থেকে শুরু হয়ে বিভিন্ন পথ পরিক্রমা করে। ভগৎ সিং মেমোরিয়াল কমিটির পক্ষ থেকে শিবপুর ট্রাম ডিপো থেকে কাজিপাড়া পর্যন্ত একটি মোমবাতি মিছিলের আয়োজন করা হয়| হাওড়া গ্রামীণ জেলা মিড ডে মিল কর্মী ইউনিয়নের সদস্যরাও আজ গরুহাটা মোড় থেকে উলুবেড়িয়া এসডিও অফিস পর্যন্ত প্রতিবাদ মিছিল করেন।

নদীয়ার নবদ্বীপ শহরে দোষীদের শাস্তির দাবীতে আজ মানব বন্ধন কর্মসূচীতে অংশ নেন পড়ুয়া ও একদল তরুণ-তরুণী।

পশ্চিম বর্ধমানের আসানসোলে আজ পথে নামেন রামকৃষ্ণ মিশনের প্রাক্তন ছাত্ররা। বি এন আর মোড় থেকে মৌন মিছিল করেন তাঁরা।

শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মীদের নিয়ে গঠিত টিচার্স ফর RG KAR সংগঠনের পক্ষ থেকে মেদিনীপুর শহর পরিক্রমা করা হয়।

********************

বিজেপি RG KAR-এর নির্যাতিতার স্মরণে আগামীকাল সন্ধ্যায় প্রদীপ জ্বালানোর কর্মসূচি নিয়েছে। শ্যামবাজারে দলের ধর্না মঞ্চ থেকে আজ দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার, ন্যায়বিচারের দাবিতে জন্মাষ্টমীর দিন রাজ্যের প্রতিটি মানুষকে সন্ধ্যে ছটা থেকে সাতটা পর্যন্ত প্রদীপ জ্বালানোর আবেদন জানিয়েছেন।

********************

RG KAR হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনা নিয়ে সকলেই চরম হতাশার মধ্যে রয়েছেন বলে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। তদন্ত প্রক্রিয়াকে বিপথে চালিত করার এবং যে প্রতিবাদ আন্দোলন চলছে তা ভেঙে দেওয়ার চেষ্টা করা হচ্ছে বলে তাঁর অভিযোগ।

********************

RG KAR কান্ডের প্রতিবাদে ২৭শে আগস্ট মঙ্গলবার একটি 'অরাজনৈতিক' ছাত্র সংগঠন নবান্ন অভিযানের ডাক দিয়েছে। কিন্তু ওইদিনই UGC-র নেট পরীক্ষা রয়েছে। চলবে দু-দফায়, সকাল সাড়ে ৯'টা থেকে সাড়ে ১২ টা এবং বিকেল ৩'টে থেকে সন্ধ্যে ৬'টা পর্যন্ত । রাজ্য পুলিশ এক বার্তায় জানিয়েছে, ওই কর্মসূচীর জেরে পরীক্ষার্থীরা যাতে অসুবিধায় না পড়েন সেজন্য রাস্তায় পর্যাপ্ত সংখ্যক পুলিশ থাকবে।

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আয়োজক ছাত্র সংগঠনকে বিষয়টির দিকে নজর রাখার আবেদন জানিয়েছেন।

( বাইট- সুকান্ত নবান্ন )

অন্যদিকে, DYFI রাজ্য সম্পাদক মীনাক্ষী মুখোপাধ্যায় জানিয়েছেন, তাঁরা এই কর্মসূচীতে যোগ দিচ্ছেন না।

( বাইট- মীনাক্ষী )

********************

RG KAR হাসপাতালে চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুনের নৃশংস ঘটনায় দেশ জুড়ে প্রতিবাদ-বিক্ষোভের মধ্যেই মহিলাদের বিরুদ্ধে ক্রমবর্ধমান অপরাধ নিয়ে কড়া বার্তা দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মহারাষ্ট্রের জলগাঁও-এ 'লাখপতি দিদি'র এক অনুষ্ঠানে তিনি বলেন, এধরণের অপরাধ যারা করছে, তারা রেহাই পাবেনা।

( বাইট- মোদী )

********************

RG KAR হাসপাতালে পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় উষ্মা প্রকাশ করে 'বঙ্গরত্ন সম্মান' ফিরিয়ে দেওয়ার কথা ঘোষণা করেছেন আলিপুরদুয়ারের বিশিষ্ট সাহিত্যিক পরিমল দে। আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, 'পশ্চিমবঙ্গে দীর্ঘদিন ধরে নৈরাজ্য চলছে। শারীরিক অসুস্থতার

জন্য প্রতিবাদে সামিল না হতে পারলেও দেশের নানা প্রান্তের আন্দোলনকারীদের প্রতি সহমর্মিতা জানাতেই তাঁর এই সিদ্ধান্ত।

********************

পরিবারের কেউ রাজনীতির সঙ্গে যুক্ত নন, এমন যুবক যুবতীদের রাজনৈতিক ব্যবস্থায়  সামিল হওয়ার জন্য আবেদনে বিপুল সাড়া মিলেছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন। আকাশবাণীতে আজ তাঁর ১১৩-তম মন কি বাত অনুষ্ঠানে তিনি বলেন, এব্যাপারে দেশের যুবদের কাছ থেকে তিনি অনেক চিঠি পেয়েছেন। সোশ্যাল মিডিয়াতেও অভূতপূর্ব সাড়া পাওয়া গেছে।

(বাইট- MKB পলিটিক্স ২৬ সেকেন্ড)

দেশের প্রথম মহাকাশ দিবস উদ্‌যাপনের উল্লেখ করে তিনি বলেন, বহু যুবক-যুবতী মহাকাশ ক্ষেত্রের সংস্কারের ফলে উপকৃত হয়েছেন। তাঁরা মহাকাশ গবেষণার বিভিন্ন ক্ষেত্রে স্টার্ট আপ তৈরি করেছেন। এদিন তিনি মাদ্রাজ আইআইটির প্রাক্তনীদের একটি স্টার্টআপের সদস্যদের সঙ্গে কথা বলেন।

‘হর ঘর তিরঙ্গা’ ও ‘পুরা দেশ তিরঙ্গা’ অভিযানের সাফল্যের কথা’ও তুলে ধরেন প্রধানমন্ত্রী।

(বাইট- MKB তিরঙ্গা ৩৪ সেকেন্ড)

********************

সরকার, নতুন ইউনিফায়েড পেনশন স্কিম চালু করার যে সিদ্ধান্ত নিয়েছে, বিভিন্ন কেন্দ্রীয় সরকারী কর্মচারী সংগঠন তাকে স্বাগত জানিয়েছে। পূর্ব রেল ও কলকাতা মেট্রো রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র বলেছেন, এর ফলে উপকৃত হবেন কেন্দ্রীয় সরকারী কর্মীরা।

( বাইট-  কৌশিক মিত্র/ পেনশন )

*******************

দক্ষিণ বাংলাদেশ ও তার লাগোয়া অঞ্চলের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্তের প্রভাবে একটি নিম্নচাপ ক্ষেত্র তৈরী হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, উত্তর ওড়িশা ও ঝাড়খন্ডের ওপর আগামী দুদিনে এটির আরো সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হবার সম্ভাবনা। একইসঙ্গে বিস্তৃত রয়েছে মৌসুমী অক্ষরেখা। এর জেরে দক্ষিণবঙ্গে আগামীকাল'ও বেশীরভাগ জায়গায় বৃষ্টি হবে।

*********************************************************